

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি (নায়েম)
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
নায়েম রোড, ধানমন্ডি, ঢাকা-১২০৫
www.naem.gov.bd




নং: ৩৭.০৪.০০০০.৩০০.২৫.০১৮.২২/ ৭৯২

তারিখ: ১৩/১১/১৯৬০ বঙ্গাব্দ
২৭/০৩/২০১৮ খ্রিষ্টাব্দ

বিষয়: ৪১তম প্রশিক্ষকগণের প্রশিক্ষণ (TOT) কোর্সে প্রশিক্ষণার্থী মনোনয়ন

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আগামী ১৭-০৪-২০২৪ খ্রি. থেকে ৩০-০৪-২০২৪ খ্রি. তারিখ পর্যন্ত ০২(দুই) সপ্তাহব্যাপী জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি (নায়েম)-এ ৪১তম প্রশিক্ষকগণের প্রশিক্ষক প্রশিক্ষণ (TOT) কোর্সে অনুষ্ঠিত হবে। এ কোর্সটি শিক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন বিভিন্ন দপ্তর/প্রশিক্ষণ প্রতিষ্ঠানের কর্মকর্তাগণের জন্য নির্ধারিত। উক্ত কোর্সে তাঁর আওতাধীন বিভিন্ন দপ্তর/ প্রশিক্ষণ প্রতিষ্ঠান হতে --- জন [টিটিসি (TTC) হতে --- জন, এইচএসটিটিআই হতে (HSTTI)-হতে --- জন, (BMTTI) -হতে --- জন ও সরকারি কলেজ (Govt. College) হতে --- জন কর্মকর্তাকে মনোনয়ন দেয়ার জন্য অনুরোধ করা হলো। নিম্নলিখিত বিষয়সমূহের প্রতি দৃষ্টি আকর্ষণ করা হলো:

১. অফিসের ক্ষেত্রে প্রথম শ্রেণির কর্মকর্তা এবং কলেজের ক্ষেত্রে প্রভাষক / সহকারী অধ্যাপক/সহযোগী অধ্যাপক পদমর্যাদার কর্মকর্তাকে মনোনয়ন প্রদানের জন্য অনুরোধ করা হলো;
২. যাদের বয়স ৫৭ বছর অতিক্রম করেছে তাঁদের এ প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণ করার প্রয়োজন নেই;
৩. যে সকল কর্মকর্তা বিগত ০১(এক) বছরের মধ্যে নায়েম পরিচালিত কোনো প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণ করেছেন তাঁদের মনোনয়ন দেয়া যাবে না;
৪. মনোনীত কর্মকর্তাগণ কোর্সে শুরুর অন্তত ০৩ (তিন) দিন পূর্বে নায়েম ওয়েব সাইট www.naem.gov.bd -এর প্রশিক্ষণ-সংক্রান্ত মেন্যুর অনলাইন রেজিস্ট্রেশন থেকে ফর্ম পূরণপূর্বক কোর্সে যোগদান করবেন;
৫. প্রশিক্ষণার্থীগণের থাকা-খাওয়া, শিক্ষা সফর এবং আনুষঙ্গিক খরচ বাবদ আনুমানিক ১৫,০০০/- (পনের হাজার টাকা) সঙ্গে আনতে হবে;
৬. সরকারি বিধি মোতাবেক প্রশিক্ষণ সমাপ্তির পর প্রশিক্ষণে অংশগ্রহণকারীর ভ্রমণ ও দৈনিক ভাতা/প্রশিক্ষণ ভাতার বিল নায়েম-এ পেশ করতে হবে। উক্ত বিল শিক্ষা মন্ত্রণালয়ের প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তার অফিস হতে অনুমোদনের পর অনলাইন ব্যাংকিং সিস্টেমে প্রশিক্ষণার্থীগণের নিজ নিজ ব্যাংক একাউন্টে প্রেরণ করা হবে। সেজন্য সংযুক্ত ছক যথাযথভাবে পূরণ করে আনতে হবে;
৭. প্রশিক্ষণার্থীগণের জন্য নির্ধারিত ফি প্রদানপূর্বক আসন শূন্য থাকা সাপেক্ষে নায়েম হোস্টেলে অবস্থানের ব্যবস্থা আছে;
৮. মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ এর স্মারক নম্বর মাউশিপ্র/বা-ইউ/৫২৮০ তারিখ ১০-০১-৯৯ এবং ৩৭.০২.০০০০.১১০.১৮.৪১.২০১৬-২৬৫ তারিখ ০৭/০৩/২০১৬ খ্রি. অনুসারে মনোনীত কর্মকর্তাগণের এ কোর্সে অংশগ্রহণ বাধ্যতামূলক। প্রশিক্ষণে মনোনীত কর্মকর্তাগণ প্রশিক্ষণ শুরুর দিন থেকে তাৎক্ষণিক বিমুক্ত বলে গণ্য হবেন। সুতরাং গ্রহণযোগ্য কারণ ছাড়া প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণ করা থেকে বিরত থাকলে তাঁর বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে;
৯. প্রশিক্ষণ সংক্রান্ত কোনো বিষয় জানার প্রয়োজন হলে কোর্স সমন্বয়ক ড. মো. আয়েত আলী, সহকারী পরিচালক (গ ও ত.) (সেল নং-০১৭১২০৯৯০২৩) ও কোর্স সমন্বয়ক ড. মো. হাফিজ উদ্দিন, সহকারী পরিচালক (প্রশি: ও বাস্ত:) (সেল নং-০১৯১৭৭৪৩৫৫৫)-এর সাথে যোগাযোগ করা যেতে পারে;
১০. মনোনীত কর্মকর্তাগণকে অনলাইনে পূরণকৃত রেজিস্ট্রেশন ফর্ম, অফিস ছাড়পত্র, জাতীয় পরিচয়পত্রের ফটো কপি, পাসপোর্ট সাইজের ২ কপি রঙিন ছবি এবং প্রতিষ্ঠানের EIIN নম্বর এবং ১০ টাকা মূল্যমানের ০১(এক)টি রেভিনিউ স্ট্যাম্প সঙ্গে আনতে হবে।


(প্রফেসর মো: খোরশেদ আলম)
পরিচালক (প্রশিক্ষণ ও বাস্তবায়ন), নায়েম

প্রাপক:


পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/বরিশাল/খুলনা/কুমিল্লা/সিলেট/রংপুর/ময়মনসিংহ অঞ্চল

নং: ৩৭.০৪.০০০০.৩০০.২৫.০১৮.২২/ ৭৯২ (৭)

তারিখ: ১৩/১১/১৯৬০ বঙ্গাব্দ
২৭/০৩/২০১৮ খ্রিষ্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

১. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
২. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, শিক্ষা ভবন, ঢাকা;
৩. পরিচালক পরিকল্পনা ও উন্নয়ন/প্রশিক্ষণ ও বাস্তবায়ন/ গবেষণা ও তথ্যায়ন/ প্রশাসন ও অর্থ, নায়েম, ঢাকা;
৪. উপ-পরিচালক (কলেজ), ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/বরিশাল/খুলনা/কুমিল্লা/সিলেট/রংপুর/ময়মনসিংহ অঞ্চল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা;
৫. প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫, পুরানা পল্টন, ঢাকা;
৬. হোস্টেল সুপারিনটেনডেন্ট (সকল), নায়েম, ঢাকা;
৭. প্রোগ্রামার, নায়েম, ঢাকা (আমন্ত্রণপত্র নায়েমের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
৮. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, নায়েম, ঢাকা;
৯. অফিস নথি।


(রুদাবা রহমান)
কোর্স পরিচালক

ও
প্রশিক্ষণ বিশেষজ্ঞ, নায়েম
সেল নং-০১৭৫৫৩০৪৮৯
ই-মেইল: rudaba1968@gmail.com